## ডিসেম্বর ২০২৪ মাসে অনুষ্ঠিত বিরামপুর উপজেলা পরিষদ সাধারণ সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি ঃ | নুজহাত তাসনীম আওন<br>উপজেলা নির্বাহী অফিসার<br>ও<br>প্রশাসক, উপজেলা পরিষদ<br>বিরামপুর, দিনাজপুর। |
| তারিখ ঃ | ২৪.১২.২০২৪খ্রি. |
| সময় ঃ | দুপুর ১২.০০ ঘটিকা। |
| স্থান ঃ | উপজেলা পরিষদ সভাকক্ষ। |

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যগণের তালিকাঃ পরিশিষ্ট 'ক' ও 'খ'

জনাব নুজহাত তাসনীম আওন, প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর, দিনাজপুর আজকের সভায় উপস্থিত সবাইকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

**আলোচ্যসূচিঃ ০১ গত সভার কার্যবিবরণী পঠন ও অনুমোদনঃ**

নভেম্বর ২০২৪ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনানো হয় এবং কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় নভেম্বর ২০২৪ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর সাথে সদস্যগণ একমত পোষন করেন।

**সিদ্ধান্তঃ ০১** বিস্তারিত আলোচনান্তে নভেম্বর ২০২৪ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়।

**আলোচ্যসূচিঃ ০২ উপজেলা পরিষদের সুপারিশকৃত আলোচনাঃ**

আলোচ্য সময়ে উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সভা করা সম্ভব হয়নি। কারণ স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকার ১৯ আগস্ট ২০২৪ খ্রি. তারিখের ৪৬.০০.০০০০.০৪৬.০১৮.০০১.২৪-৫০০ নং প্রজ্ঞাপনমূলে উপজেলা পরিষদ (সংশোধন) অধ্যাদেশ ২০২৪ এর ধারা ১৩ঘ প্রয়োগ করে সকল ভাইস চেয়ারম্যান ও সকল মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদকে উপজেলা পরিষদের স্ব স্ব পদ থেকে অপসারণ করা হয়।

**সিদ্ধান্তঃ ০২** বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সভাপতি অপসারিত হওয়ায় আপাততঃউপজেলা পরিষদের স্থায়ী কমিটির সভা পরবর্তী নির্দেশ না পাওয়া পর্যন্ত স্থগিত/বন্ধ রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।

**আলোচ্য সূচিঃ ০৩ সরকারি পরিপত্র নিয়ে আলোচনাঃ**

আলোচ্য সময়ে সরকারি কোন পরিপত্র পাওয়া যায়নি।

**সিদ্ধান্তঃ ০৩** সরকারি কোন পরিপত্র পাওয়া গেলে যথাসময়ে উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

বিভাগীয় আলোচনা

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনা ০৫ উপজেলা কৃষি দপ্তর | উপজেলা কৃষি কর্মকর্তা, বিরামপুর দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি সভায় উল্লেখ করে বলেন যে, তার দপ্তরের সামনের অংশটি এখন খুব সুন্দর হয়েছে। সুন্দর করার পরিকল্পক হিসেবে তিনি উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুরকে ধন্যবাদ জানান। অসুস্থতাজণিত কারণে জেলা প্রশাসক, দিনাজপুর মহোদয়ের সাথে অনুষ্ঠিত মতবিনিময় সভায় তিনি উপস্থিত থাকতে না পারায় দুঃখ প্রকাশ করেন। তিনি সভায় জানান যে, প্রচুর পরিমানে সার মজুদ রয়েছে। কোন ঘাটতি নেই। TSP সারের পরিবর্তে DSP সার বরাদ্দ দেয়া হয়েছে। TSP সারের চেয়ে DSP সারের কার্যকারিতা ভাল। তিনি DSP সার ব্যবহারের জন্য অনুরোধ করেন। সার মনিটরিং এর জন্য আগামী ২৭ ডিসেম্বর শুক্রবার যুগ্ম সচিব স্যার আসবেন। এ উপজেলায় রবি ২০২৪-২০২৫ অর্থবছরে বোরো ধানের লক্ষ্যমাত্রা ধরা হয়েছে ১৫২৫৯ হেক্টর। এ পর্যন্ত ৫৪৫ হেক্টর জমিতে বীজতলা তৈরী করা হয়েছে। তিনি আশা করেন এ বছর বোরো ধানের আবাদ লক্ষ্যমাত্রা ছাড়িয়ে যাবে। তিনি আরও জানান যে, রবি ২০২৪-২০২৫ অর্থবছরে আলু ফসলের লক্ষ্যমাত্রা ধরা হয়েছিল ১৮৩০ হেক্টর অর্জিত হয়েছে ১৩৫০ হেক্টর। শাকসবজির লক্ষ্যমাত্রা ধরা হয়েছিল ১২৮০ হেক্টর অর্জিত হয়েছে ১২৩৫ হেক্টর। গমের লক্ষ্যমাত্রা ধরা হয়েছে ১২৮ অর্জিত হয়েছে ৮৫, ভূট্টার লক্ষ্যমাত্রা ধরা হয়েছে ১৭২৫ অর্জিত হয়েছে ১২৭৫, মিষ্টি আলুর লক্ষ্যমাত্রা ধরা হয়েছে ০৪ অর্জিত হয়েছে ২, সূর্যমুখীর লক্ষ্যমাত্রা ধরা হয়েছে ১৭ অর্জিত হয়েছে ৫, পেঁয়াজের লক্ষ্যমাত্রা ধরা হয়েছে ১৩০ অর্জিত হয়েছে ১০২, রসুনের লক্ষ্যমাত্রা ধরা হয়েছে ২০ অর্জিত হয়েছে ১৮ এবং মরিচের লক্ষ্যমাত্রা ধরা হয়েছে ৫০ অর্জিত হয়েছে ৫৫ হেক্টর। এখন পর্যন্ত উক্ত ফসল মাঠে ভাল অবস্থায় আছে মর্মে তিনি উল্লেখ করেন। এ ছাড়াও ২০২৪-২০২৫ অর্থ বছরে প্রণোদনা বোরো হাইব্রীড ধান ১৬০০ কৃষকের মাঝে বিতরণ করা হয়েছে। | ১. স্বাগত জানানো হয়।<br>২. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ২. উপজেলা কৃষি কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ৬ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা দপ্তর | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা, বিরামপুর, দিনাজপুরবা তার কোন প্রতিনিধি সভায় অনুপস্থিত থাকায় উক্ত দপ্তরের দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে কোন তথ্য পাওয়া গেল না। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ৭ উপজেলা প্রাণিসম্পদ দপ্তর | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, প্রায় ১০,০০০ পশু-পাখির চিকিৎসা দিয়েছেন। কোন সমস্যা নেই। লাম্পি স্কীন রোগের ভ্যাকসিন ক্রয়ের জন্য ADP-র বরাদ্দ থেকে ১টি প্রকল্প দেয়ার জন্য তিনি অনুরোধ করেন। জোতবানী ইউনিয়নে খামার আছে। বিনাইলে শংকর জাতের গরু আছে। তিনি তালিকা দাখিল করার জন্য অনুরোধ করেন। ডিসেম্বর ২০২৪ মাসে ১৬১৯টি গবাদি প্রাণির এবং ৮৯৯১টি হাঁস-মুরগীর চিকিৎসা প্রদান করা হয়েছে। এ মাসে খামারীদের কোন প্রশিক্ষণ প্রদান করা হয়নি । কৃত্রিম প্রজনন ৩৫২ মাত্রা এবং শংকর জাতের বাচ্চা উৎপাদন হয়েছে ১৫৩টি। গবাদি প্রাণির টিকা প্রদান করা হয়েছে ২৫০০ মাত্রা, হাঁস-মুরগীর টিকা প্রদান ২৫০০০ মাত্রা। এ মাসে ফ্রি ভেটেরিনারি মেডিকেল ক্যাম্প ০১টি হয়েছে। ৪টি উঠান বৈঠকের আয়োজন করা হয়েছে। এ মাসে মোবাইল কোর্ট পরিচালিত হয়নি। তবে <u>মোট ৩ মাসের টিকা প্রাপ্তিঃ ডিসেম্বর ২০২৪ মাসে</u> (১) তড়কা-০০ মাত্রা, (২) বাদলা-০০ মাত্রা, (৩) গলাফুলা-০০ মাত্রা, (৪) বিসিআরডিবি-০০ মাত্রা, (৫) আরডিবি-০০ মাত্রা, (৬) ফাউল পক্স-০০ মাত্রা, (৭) পাউল কলেরা-৫০০০ মাত্রা, (৮) গট পক্স-৫০০ মাত্রা, (৯) গামবোরো-০০ মাত্রা, (১০) ডাকপ্লেগ-২০০০০ মাত্রা, (১১) ক্ষুরা-৩২০ মাত্রা এবং (১২) ছাগ বসন্ত-০০ মাত্রা। সর্বমোট=২৫৮২০ মাত্রা। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বিরামপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ৮<br>উপজেলা মৎস্য দপ্তর | উপজেলা মৎস্য কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুরের প্রতিনিধি সভায় জানান যে, উপজেলা মৎস্য কর্মকর্তা জেলা পর্যায়ের মিটিং এ গেছেন। তিনি আরও জানান যে, দাপ্তরিক কাজ ভালভাবে চলছে। মোল্লাপাড়া ব্রীজের নীচে স্থায়ী অভয়ারণ্যের ব্রীজ ও সাইন বোর্ড হয়নি। ঠিকাদার থেমে থেমে কাজ করছে। যোগাযোগ করে জানা গেছে বর্ণিত ঠিকাদার অন্যত্র কাজে ব্যস্ত থাকায় এখানে কাজ করছে না। তিন ব্যাচে ৬০ (ষাট) জন মৎস্য চাষীকে প্রশিক্ষণ প্রদান করা হবে। ১০ জনের পুকুর বিষয়ে তদন্ত চলছে। মাঠের কাজের ব্যস্ততায় তারা প্রশিক্ষণ দিতে পারছেন না। অভয়ারণ্যের নকসা ছিল মর্মে উপজেলা নির্বাহী অফিসার সভায় উল্লেখ করেন। উপজেলা প্রকৌশলী, বিরামপুর জানান সাইন বোর্ড ছিল। বরাদ্ অনুযায়ী সকল দ্রব্যাদি ক্রয় করা হয়েছে। লাল কাপড় দিয়ে ঘেরা দিতে বলা হয়েছে এবং লাল ফ্লাগও দিতে হবে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা মৎস্য কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ৯<br>দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ | জেনারেল ম্যানেজার দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ বা তার কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় উক্ত দপ্তর সম্পর্কে কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. জেনারেল ম্যানেজার দিপবিস-২ বিরামপুর। |
| আলোচনাঃ ১০<br>উপজেলা প্রকৌশল দপ্তর | উপজেলা প্রকৌশলী, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচীর সকল কাজ শেষ হয়েছে। ২০২৪-২০২৫ অর্থ বছরে ADP-র ১টি বরাদ্দ এসেছে। জানুয়ারি ২০২৫ মাসে আরও বরাদ্দ আসবে। তিনি দ্রুত প্রকল্প গ্রহণ করে প্রকল্প নির্বাচন করার জন্য অনুরোধ করেন। কেটরা থেকে রাস্তার কাজ চলছে। কিন্তু রাস্তাটির বিকল্প কোন রাস্তা না থাকায় সারাক্ষণ ব্যবহার হচ্ছে। ফলে কাজের গুনগত মান ঠিক রাখা সম্ভব হচ্ছে না। শুক্রবার বিকল্প রাস্তা দিয়ে ঐ রাস্তার কাজ করতে হবে। পূর্বেই মাইকিং করতে হবে এবং বাঁশ দিয়ে রাস্তা বন্ধ করে দিতে হবে। পাঠনচড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়টি পরিত্যাক্ত ঘোষণা করতে হবে। এখানে ক্লাস করা যাবে না। ২ মাসের মধ্যে কাজ শেষ করতে হবে। জুন ২০২৫ মাসে এ প্রকল্পটি বন্ধ হবে। তাই এ কাজটির প্রতি গুরুত্ব দিতে হচ্ছে। তিনি আরও জানান যে, ঠিকাদার পরিবর্তনের সুযোগ নেই। এ পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, পুরাতন কাজ দ্রুত শেষ করতে হবে। বেপারীটোলা রাস্তার কাজ চলছে। রাস্তার রক্ষণাবেক্ষণ খাতে বরাদ্দ নেই। পূর্ববর্তী অর্থ বছরের কাজ শেষ করার জন্য উপজেলা নির্বাহী অফিসার পুনরায় উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানান। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১-২. উপজেলা প্রকৌশলী বিরামপুর, দিনাজপুর। |
| আলোচনাঃ ১১<br>বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন BADC (সেচ) | জনাব সঞ্জয় কুমার রায়, উপ-সহকারী প্রকৌশলী, BADC (সেচ), বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, ১৭টি গভীর নলকুপ চালু আছে পরিত্যক্ত নলকুপগুলো চালুর উদ্যোগ নিবেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১.২ উপ-সহকারী প্রকৌশলী BADC(সেচ) বিরামপুর। |
| আলোচনাঃ ১২<br>বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ (BMDA), বিরামপুর জোন | সহকারী প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ (BMDA), বিরামপুর সভায় জানান যে, বিএমডিএ দাপ্তরিক কাজ সুষ্ঠুভাবে চলছে৷ তিনি আরও বলেন যে, ৯৫টি গভীর নলকূপের মধ্যে ৭৯টি চালু আছে। গভীর নলকূপ ও STD নিয়ে ঝামেলা হয়। ১০টি নলকূপের ঘর মেরামত করা হবে। এ পর্যায়ে অফিস ইনচার্জ, বিরামপুর থানা কোনটি নলকূপ চালু আছে, কোনটি বন্ধ, কোনটি বরাদ্দ দেয়া হয়নি তা জানানোর জন্য তিনি অনুরাধ জানান। উল্লিখিত নলকূপগুলো বিএডিসি'র'। বাকুন্দা ও মন্দিরায় ঝামেলা হয় তদন্ত করা হচ্ছে। সমস্যা হলে অফিসার ইনচার্জ, বিরামপুর থানার সহযোগিতা কামনা করেন। উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, বড়বাইলশিরার তদন্তের সুপারিশ ভাল হয়েছে। উপজেরা কৃষি অফিসার সেচ চালুর পক্ষে মতামত দিয়েছেন। দেড় বছর ধরে এ সমস্যা চলছে। উভয়পক্ষের জন্য এবারও এককভাবে কাউকে অনুমতি দেয়া যাবে না। উপজেলা পল্লী উন্নয়ন অফিসার গত বছরের ন্যায় | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. সহকারী প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ (BMDA), বিরামপুর, দিনাজপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ১২<br>বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ (BMDA), বিরামপুর জোন | এবারও বিকল্প ব্যবস্থাপনায় সেচের ব্যবস্থা করা যায়। একপক্ষ ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা দিয়েছে অপর পক্ষকে টাকা দিতে বললে তারা টাকা দিয়ে নলকূপটি তুলে নিয়ে যেতে চায়। সিদ্ধান্ত মোতাবেক ব্যবস্থা নেয়ার জন্য সহকারী প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ সভায় প্রস্তাব করেন। সেখানে ৪টি সেচ রয়েছে। উপজেলা যুব উন্নয়ন অফিসার যে রায়ই হোক তা দেয়ার জন্য অনুরোধ করেন। কৃষকগণ সমিতির পক্ষে কিন্তু তারা সিদ্ধান্ত মানে না মর্মে উপজেলা নির্বাহী অফিসার অবহিত করেন। ব্যক্তিগতভাবে গভীর নলকূপ দেয়ার কোন সুযোগ নাই। সেকারণেই সমিতির বরাবর দিতে হবে। আগামী সেচ কমিটির সভায় এ বিষয়ে সিদ্ধান্ত নেয়া যায়।<br>উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, মুকুন্দপুর ইউনিয়নে সমিতি রেজিস্টেশন করা হয়েছে। সভাপতি ও সেক্রেটারী আছে। সদস্য সংখ্যা ৭০০ জন। সাবেক সাইফুল চেয়ারম্যান সভাপতি। পুলিশ সমিতির যন্ত্রপাতি জব্দ করে ইউপি ভবনে রেখেছে। এটি সরকার নিয়ন্ত্রিত সমিতি সেকারণে তিনি যন্ত্রপাতি ফেরত দেয়া অনুরোধ জানান। সমস্যা সাবেক চেয়ারম্যান সাইফুল এবং বর্তমান চেয়ারম্যান আবুল কালাম আজাদের মধ্যে। সাবেক চেয়ারম্যান সাইফুল বর্তমান চেয়ারম্যান আবুল কালাম আজাদের বিরুদ্ধে থানায় মামলা করায় তিনি জব্দকৃত মালামাল ফেরত দিচ্ছেন না।সাইফুল চেয়ারম্যান পালিয়ে যাওয়ার পর মালামাল নিয়ে যায়। বিষয়টি বিরামপুর থানা বিগত আছে। | | |
| আলোচনাঃ ১৩<br>বিরামপুর থানা | জনাব মোঃ মমতাজুল, অফিসার ইনচার্জ, বিরামপুর থানা, দিনাজপুর সভায় জানান যে, নিয়মিত কার্যক্রম চলছে। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. অফিসার ইনচার্জ বিরামপুর থানা |
| আলোচনাঃ ১৪<br>উপজেলা শিক্ষা দপ্তর | উপজেলা শিক্ষা অফিসার, বিরামপুর, দিনাজপুরের প্রতিনিধি সভায় জানান যে, দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলছে। ২০২৫ শিক্ষাবর্ষে নতুন বই দেয়া হবে। ১ম, ২য় ও ৩য় শ্রেণির বই পাওয়া গেছে। ৪র্থ ও ৫ম শ্রেণের বই আসেনি। কোন উৎসব হবে না। ২৯, ৩০ ও ৩১ ডিসেম্বর ২০২৪ তারিখের মধ্যে বিদ্যালয়ে বই পৌছেতে হবে। ১ জানুয়ারি ২০২৫ শিক্ষার্থীর হাতে বই দেয়া হবে। তিনি আরও উল্লেখ করেন যে, সীমানা প্রাচীরের পিলার দিয়ে ঠিকাদার চলে গেছে। এ বিষয়ে উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষণ করেন। প্রতিটি বিদ্যালয়ে প্লান অনুযায়ী কাজ করার অনুরোধ জানান। উক্ত বিদ্যালয়ে ডিজাইন ঠিকাদার নিয়ে চলে গেছে ফেরত দেননি। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা শিক্ষা অফিসার, বিরামপুর। |
| আলোচনাঃ ১৫<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা দপ্তর | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, ২০২৫ শিক্ষাবর্ষে নতুন পাঠ্য পুস্তক পাওয়া যায়নি। পাওয়া গেলে নির্দেশনা মোতাবেক ব্যবস্থা গ্রহণ করবেন। ২০২৫ সালে খেলা চালু রাখার নির্দেশনা রয়েছে। নির্দেশনা আসার সাথে সাথে ব্যবস্থা নিবেন। মোহনপুর উচ্চ বিদ্যারয়ের প্রধান শিক্ষকের দায়িত্ব প্রদান বিষয়ক যে আদালতের নির্দেশনা পাওয়া গেছে তা বাস্তবায়ন করার জন্য তিনি অনুরোধ জানান। এ পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর বলেন যে, দায়িত্বপ্রাপ্ত প্রধান শিক্ষক জনাব খালেক বিল নিবেন না। তিনি না নিলেও প্রধান শিক্ষক মামুনুর রশিদকে বিল দিতে কোন বাঁধা নেই। প্রয়োজনে প্রধান শিক্ষক পরিবর্তন করতে হবে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বিরামপুর। |
| আলোচনাঃ ১৬<br>উপজেলা সমাজসেবা দপ্তর | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, ৩য় লিঙ্গের ১০ জনের ভাতা বন্ধ ছিল বয়সের বারণে। এ অর্থ বছরে বয়সের কোন সমস্যা নেই। অর্থ্যাৎ বয়স নির্দিষ্ট করে দেয়া হয়নি। সেকারণে তিনি ৩য় লিঙ্গের জানাশোনা কেউ থাকলে তাদের আবেদন করার পরামর্শ দেন। আবেদন পেলে পরবর্তী কার্যক্রম গ্রহণ করবেন মর্মে সভায় জানিয়ে দেন। লাইফ ভ্যারিফিকেশন চলছে। পৌরসভায় করতে হবে। ভাতাভোগীগণ বেঁচে আছেন কি-না তা জানার জন্য তাদের সাথে দেখা করে টিপসহি নিতে হবে। ক্যান্সার কিডনী রোগীর আর্থিক সাহায্যের আবেদন যাচাই-বাছাই করে জেলা সমাজসেবা কার্যালয়ে পাঠাতে হবে। জেলা প্রশাসক, দিনাজপুর মহোদয় দ্রুত পাঠাতে বলেছেন। তিনি আরও জানান যে, ক্লাবের বিষয়ে আরও কঠোর হতে হবে। প্রকৃতপক্ষে যারা পাবেন শুধুমাত্র তাদের নাম পাঠাতে হবে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. প্রতিবন্ধী নির্বাচনের জন্য আবেদন গ্রহণের কার্যক্রম শুরু হওয়ায় ইউনিয়ন পর্যায়ে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য চেয়ারম্যান, সকল ইউনিয়ন পরিষদকে অনুরোধ করেন।। | ১. উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বিরামপুর।<br>২. চেয়ারম্যান, সকল ইউনিয়ন পরিষদ বিরামপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ১৭<br>উপজেলা পল্লী উন্নয়ন দপ্তর | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, ঋণ আদায় কার্যক্রম আশানুরুপ হচ্ছে না। এখনও ধান উঠে নাই। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ১৮<br>উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর জানান দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলছে। তিনি জানান যে, ২০২৩-২০২৪ চক্রের কার্যক্রম ডিসেম্বর ২০২৪ মাসে শেষ হবে। তবে সফটওয়ারের কারণে কাজ হচ্ছে না। তিনি ঢাকার সাথে যোগাযোগ রাখছেন। আগামী ৫ জানুয়ারি ২০২৫ সফটওয়ার খুলে দিবেন মর্মে জানিয়েছেন। টাকা হস্তমজুদ থাকলে তা অবশ্যই ব্যাংকে জমা দিতে হবে। জুলাই-ডিসেম্বর/২০২৪ পর্যন্ত পৌরসভার চূড়ান্ত অনুমোদন হয়েছে। টাকা বাউঞ্চ ব্যাক না হয়। আজ বিকেলের মধ্যে ব্যাংক হিসাব ঠিক আছে কি-না তা যাচাই করে জানানোর নির্দেশনা রয়েছে। তিনি ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণের সহযোগিতা চান। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বিরামপুর, দিনাজপুর। |
| আলোচনাঃ ১৯<br>উপজেলা হিসাবরক্ষণ দপ্তর | উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ২০<br>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর | উপজেলা আইসিটি কর্মকর্তা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বিরামপুর দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "ডিজিটাল সংযোগ স্থাপন প্রকল্প (ইডিসি)" শীর্ষক প্রকল্পের End user Connectivity এর আওতায় বিরামপুর উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান, স্বাস্থ্যসেবা অধিদপ্তর এর আওতাধীন কমিউনিটি ক্লিনিকসমূহ, ভূমি সংস্কার বোর্ড, বস্ত্র অধিদপ্তর ও বাংলাদেশ ডায়াবেটিস সমিতির অধীন প্রতিষ্ঠানসমূহে ব্রডব্যান্ড ইন্টারনেট সংযোগ প্রদান করা হচ্ছে। ইতোমধ্যে ৪টি শিক্ষা প্রতিষ্ঠান, ১টি ভূমি অফিস ও ১ টি কমিউনিটি ক্লিনিকে ইন্টারনেট সংযোগ প্রদান করা হয়েছে। উক্ত কাজে উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে সহযোগিতা করার জন্য অনুরোধ করা হয়। তৎপ্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিস্যর উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসকে প্রাথমিকভাবে অন্তত ১০টি শিক্ষা প্রতিষ্ঠানের তালিকা সরবরাহ করার জন্য বলেন যেগুলোতে সহজে ইন্টারনেট সংযোগ প্রদান করা সম্ভব হবে। এছাড়াও বিরামপুর উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত আইসিটিডি ল্যাবের সরঞ্জামসমূহ যথাযথভাবে ব্যবহার করা হচ্ছে কিনা এবং সচল আছে কিনা এই বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং বলা হয় শিক্ষা প্রতিষ্ঠানের সাথে চুক্তি মোতাবেক কোন ল্যাবের কোন সরঞ্জার নষ্ট বা অচল হলে তা শিক্ষা প্রতিষ্ঠানকে নিজ অর্থায়নে মেরামত করতে হবে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা আইসিটি কর্মকর্তা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বিরামপুর। |
| আলোচনাঃ ২১<br>উপজেলা যুব উন্নয়ন দপ্তর | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, ২০ ডিসেম্বর ২০২৪ তারিখে জেলায় যেয়ে জানতে পারেন বিরামপুর উপজেলা পরিদর্শন করে জেলা প্রশাসক, দিনাজপুর মহোদয়কে খুব ভাল লেগেছে। আগামী ১ জানুয়ারি ২০২৫ তারিখে ফটোগ্রাফি প্রশিক্ষণ শুরু হবে। উক্ত অনুষ্ঠানে উপস্থিত থাকার জন্য তিনি অনুরাধ করেন। ধান কাটামারা শেষ হলে ঋণ আদায় ত্বরাম্বিত হবে। মাঠ পর্যায়ে পরিদর্শনে গেলে যুব ও যুব মহিলাদের খোঁজখবর নিলে বেকার যুব ও যুব মহিলারা খুশী হবে। ২০২৪-'২৫ অর্থবছরে অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ কোর্সে ১৪টি ব্যাচে ৪২০ জনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। লক্ষ্যমাত্রা মোতাবেক ০৬টি প্রষিক্ষণ কোর্সে ১৮০ জন প্রশিক্ষণার্থীকে বিভিন্ন ট্রেডে ভ্রাম্যমান প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এ ছাড়াও দিনাজপুর যুব প্রশিক্ষণ কেন্দ্রে তিন মাস মেয়াদি ৪ মাস মেয়াদি ৪ জন বেকার যুব প্রশিক্ষন গ্রহণ করছে।<br>তিনি আরও জানান যে, পরিবারভিত্তিক কর্মসংস্থান কর্মসূচী থেকে সর্বমোট =৩৭,৬০,০০০/-টাকা ক্ষুদ্রঋণ বিতরণ করা হয়েছে। আদায়যোগ্য টাকার পরিমান সর্বমোট =৩৩,৪৭,২০০/-টাকা। আদায়কৃত টাকার পরিমান মোট | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা যুব উন্নয়ন অফিসার, বিরামপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ২১ উপজেলা যুব উন্নয়ন দপ্তর | =৩১,৮৯,০৪০/- টাকা এবং আদায় হার শতকরা ৯৫.২৭%। আত্মকর্মসংস্থান কর্মসূচীর ক্রমপুঞ্জিভূত ঋণ বিতরণ করা হয়েছে =৩,১০,২৬,৬০০/-টাকা। আদায়যোগ্য টাকার পরিমান সর্বমোট =২,৮৪,৫৫,২০০/-টাকা। আদায়কৃত টাকার পরিমান মোট =২,৬২,৪০,৬১১/- টাকা এবং আদায়ের হার শতকরা ৯২.২২%। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা যুব উন্নয়ন অফিসার, বিরামপুর। |
| আলোচনাঃ ২২ উপজেলা পরিবার পরিকল্পনা দপ্তর | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুরের প্রতিনিধি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম ভালভাবে চলছে। পরিবার পরিকল্পনা অধিদপ্তর হতে উর্ধ্বতন কর্তৃপক্ষ আসায় জেলা প্রশাসক, দিনাজপুর মহোদয়ের সাথে অনুষ্ঠিত মতবিনিময় সভায় আসতে না পারায় দুঃখ প্রকাশ করেন। কমিউনিটি ক্লিনিকে Online সংযোগ নেই। উপজেলা আইসিটি কর্মকর্তাকে তালিকা দেয়ার জন্য তাকে অনুরোধ করা হয়। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা বিরামপুর। |
| আলোচনাঃ ২৩ জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর, বিরামপুর, দিনাজপুরের প্রতিনিধি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম ভালভাবে চলছে। নলকুপের কার্যাদেশ পাওয়া যায়নি। আবেদন করার জন্য তিনি অনুরোধ করেন। জনস্বাস্থ্য প্রকৌশল দপ্ত থেকে আবেদন ফরম সরবরাহ করা হবে মর্মে তিনি সভায় জানান। এ পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার মসজিদ, মন্দির, গির্জা ইত্যাদিগুলোকে অগ্রাধিকার দিয়ে অগ্রাধিকারভিত্তিক তালিকা দেয়ার জন্য অনুরোধ করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর, বিরামপুর। |
| আলোচনাঃ ২৪ দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ শাখা | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বিরামপুর দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম ভালভাবে চলছে। ২০২৪-২০২৫ অর্থ বছরে ১ কিঃমিঃ রাস্তার টেন্ডার হয়েছে। খানপুর ইউনিয়নের মৌপুকুর মন্দিরের সামনের রাস্তার কাজের জন্য টেন্ডার হবে। বিজ্ঞপ্তি হয়েছে। এই টেন্ডারে বাইরের কোন ঠিকাদার অংশগ্রহন করতে পারবে না। উপজেলা প্রকৌশলী জানান যে, ঠিকাদার ইউনুস আলী ১ বছর ধরে কাজ শেষ করছে না। ফিনিশিং বাকী রয়েছে। তাকে ডেকে ব্যবস্থা নেয়ার অনুরোধ জানান। অফিসিয়াল সকল কার্যক্রম শেষ। ৯টি ব্রীজের মধ্যে ৫টি ব্রীজের কাজ চলছে। ডিসেম্বর ২০২৪ এর শেষে পাওয়া যেতে পারে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা বিরামপুর। |
| আলোচনাঃ ২৫ উপজেলা পরিসংখ্যান দপ্তর | উপজেলা পরিসংখ্যান তদন্তকারী, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ২৬ উপজেলা সমবায় দপ্তর | উপজেলা সমবায় কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় অনুপস্থিত থাকায় উক্ত দপ্তর সম্পর্কিত কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা সমবায় কর্মকর্তা,বিরামপুর দিনাজপুর। |
| আলোচনাঃ ২৭ বন বিভাগ | উপজেলা বন কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় অনুপস্থিত থাকায় উক্ত দপ্তর সম্পর্কিত কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা বন কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ২৮ উপজেলা নির্বাচন দপ্তর | উপজেলা নির্বাচন কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় অনুপস্থিত থাকায় উক্ত দপ্তর সম্পর্কিত কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা নির্বাচন কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ২৯ উপজেলা রিসোর্স সেন্টার | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। তিনি আরও জানান যে, জানুয়ারি ২০২৫ মাসে ২ ব্যাচে ৫০ জন প্রধান শিক্ষককে প্রশিক্ষণ সংক্রান্ত সকল নির্দেশনা মেনে প্রশিক্ষণ প্রদান করা হবে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার |
| আলোচনাঃ ৩০ পল্লী সঞ্চয় ব্যাংক বিরামপুর শাখা | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, বিরামপুর শাখা, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম সুন্দর ও স্বাভাবিকভাবে চলছে। ২ কোটি টাকা ঋণ আদায় হয়েছে। কোন সমস্যা নেই। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, বিরামপুর শাখা। |
| আলোচনাঃ ৩১ পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। পরীক্ষারপত্র নিয়ে পরীক্ষার হলে থাকায় জেলা প্রশাসক, দিনাজপুর মহোদয়ের আগমন উপলক্ষ্যে মতবিনিময় সভায় উপস্তিত থাকতে পারেননি। জুলাই হতে নভেম্বর পর্যন্ত ৩ কোটি টাকা বিতরণ ও আদায় করেছেন। ঋণ আদায়ের হার ভাল। কোন সমস্যা নেই। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ৩২<br>তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়) | তিনি তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়) বিরামপুর, দিনাজপুরের প্রতিনিধি সভায় সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। উঠান বৈঠক করার জন্য ১টি বরাদ্দ পাওয়া গেছে। আলোচনা সাপেক্ষে স্থান নির্বাচন করে উঠান বৈঠক করা হবে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | তথ্যসেবা কর্মকর্তা তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়), বিরামপুর। |
| আলোচনাঃ ৩৩<br>Upazila Governance and Development Project (UGDP) | Upazila Development Facilitator (UDF), বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের প্রথম ধাপের মেয়াদ ৩১ ডিসেম্বর ২০২৫খ্রি. পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে।<br>১২ ডিসেম্বর'২০২৪ তারিখে স্থানীয় সরকার বিভাগ থেকে উপজেলা পরিষদের ওয়েব পোর্টাল এবং এলজিডি–এম আইএস এ তথ্য হালনাগাদ সংক্রান্ত ৪৬.০০.০০০০.০৪৫.১৪.০১০.২৩-২৪২ নম্বর স্মারকে পত্র প্রদান করা হয়। উপজেলা পরিষদে অন্যান্য তথ্যসহ নিম্নবর্ণিত তথ্যসমূহ হালনাগাদ করা প্রয়োজন।<br>১) উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী।<br>২) ১৭ টি উপজেলা কমিটির সংশ্লিষ্ট সভার কার্যবিবরণী।<br>৩) ২০২৪-২০২৫ অর্থ বছরের বার্ষিক অনুমোদিত বাজেট।<br>৪) ২০২৪-২০২৫ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন পরিকল্পনা।<br>৫) পঞ্চবার্ষিকী উন্নয়ন পরিকল্পনা।<br>৬) ২০২৩-২০২৪ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচীর (ADP) প্রতিবেদন। ৭) বার্ষিক আয় ব্যয় বিবরণী।<br>উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প থেকে উপজেলাতে প্রকল্প দেয়ার পূর্বে উপজেলার মুল্যায়ন অনলাইনে যাচাইকালে উপরোক্ত তথ্যের সাথে আরো যে সমস্ত তথ্য ওয়েব পোর্টালে আছে কিনা তাহা যাচাই করা হয়ে থাকে সেগুলো হলোঃ<br>১) সিটিজেন চার্টার। ২) তথ্য প্রদানকারী কর্মকর্তা।<br>৩) সম্পদ রেজিস্টার (স্থায়ী ও অস্থায়ী)<br>উল্লেখ্য যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের মনিটরিং ইউনিট থেকে এটির যাচাই কার্যক্রম চলমান আছে। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. UDF, বিরামপুর |
| আলোচনাঃ ৩৪<br>খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বিরামপুর জেলা মিটিং এ যাওয়ায় এ সভায় উপস্থিত হতে পারেননি। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বিরামপুর |
| আলোচনাঃ ৩৫<br>আনসার ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, উপজেলা আনসার ভিডিপি অফিস করার জন্য জায়গার দেয়ার জন্য তিনি অনুরোধ করেন। সেইসাথে তিনি উপজেলা আনসার মাঠে অফিস বরাদ্দ দিলে মাঠটি সংরক্ষিত থাকত মর্মে সভায় উল্লেখ করেন। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর। |
| আলোচনাঃ ৩৬<br>ইসলামিক ফাউন্ডেশন | ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, বিরামপুরের পক্ষে সভায় কেউ উপস্থিত না থাকায় উক্ত দপ্তর সম্পর্কে কোন তথ্য পাওয়া গেল না। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, |
| আলোচনাঃ ৩৭<br>মুকুন্দপুর ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, মুকুন্দপুর ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর সভায় উপস্থিত না থাকায় উক্ত দপ্তর সম্পর্কে কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. চেয়ারম্যান, মুকুন্দপুর ইউনিয়ন পরিষদ বিরামপুর। |
| আলোচনাঃ ৩৮<br>কাটলা ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, কাটলা ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুরের প্রতিনিধি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. চেয়ারম্যান কাটলা ইউনিয়ন পরিষদ বিরামপুর |
| আলোচনাঃ ৩৯<br>খানপুর ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, খানপুর ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুরের প্রতিনিধি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, খানপুর ইউনিয়ন পরিষদ বিরামপুর বিরামপুর। |
| আলোচনাঃ ৪০<br>দিওড় ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, দিওড় ইউনিয়ন পরিষদ, বিরামপুর দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. চেয়ারম্যান, দিওড় ইউনিয়ন পরিষদ বিরামপুর। |



ASMA - Bibith

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ৪১<br>বিনাইল ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, বিনাইল ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. চেয়ারম্যান, বিনাইল ইউনিয়ন পরিষদ বিরামপুর। |
| আলোচনাঃ ৪২<br>জোতবানী ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, জোতবানী ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. চেয়ারম্যান জোতবানী ইউনিয়ন পরিষদ বিরামপুর। |
| আলোচনাঃ ৪৩<br>পলিপ্রয়াগপুর ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, পলিপ্রয়াগপুর ইউনিয়ন পরিষদ, বিরামপুর দিনাজপুর বা তার কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় উক্ত দপ্তর সম্পর্কে কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. চেয়ারম্যান পলিপ্রয়াগপুর ইউনিয়ন পরিষদ বিরামপুর। |
| আলোচনাঃ ৪৪<br>সংরক্ষিত সদস্য | সংরক্ষিত আসনের ৩ জন সদস্যই অনুপস্থিত রয়েছেন। | ১. সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | ১. সংরক্ষিত আসনের সদস্যবৃন্দ। |
| আলোচনাঃ ৪৫<br>বিবিধ | ক. উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর বলেন যে, উপজেলা পরিষদ ভবন, গ্যারেজ রংকরণ, উপজেলা পরিষদ চত্বর সংলগ্ন মূল রাস্তার দুই পাশে এজিং করা প্রয়োজন। তিনি উক্ত কাজগুলো সম্পন্ন করার জন্য নিম্নবর্ণিত প্রকল্প অনুমোদন ও প্রকল্প কমিটি অনুমোদনের প্রস্তাব করেন।<br>**১. প্রকল্পের নামঃ উপজেলা পরিষদ ভবন, গ্যারেজ রংকরণ, উপজেলা পরিষদ চত্বর সংলগ্ন মুল রাস্তার দুই পাশে এজিং প্রকল্প।**<br>**এতে সম্ভাব্য ব্যয় হবে =২,০০,০০০/- টাকা।**<br>**প্রকল্প কমিটিঃ**<br>১. মোঃ আঃ রাজ্জাক মন্ডল, চেয়ারম্যান, জোতবানী ইউপি-প্রকল্প সভাপতি<br>২. মোঃ মোক্তার হোসেন, সদস্য, দিওড় ইউপি- প্রকল্প সেক্রেটারি<br>৩. মোঃ কাওছার আজম, সদস্য, জোতবানী ইউপি- সদস্য<br>৪. মোঃ রায়হান কবীর, সদস্য, খানপুর ইউপি- সদস্য<br>৫. মোছাঃ ফেন্সিয়ারা বেগম, সদস্যা, দিওড় ইউপি- সদস্য<br>বর্ণিত প্রকল্পের কাজগুলো দ্রুত বাস্তবায়ন করার লক্ষ্যে প্রস্তাবিত প্রকল্প ও প্রকল্প কমিটি অনুমোদনের জন্য তিনি প্রস্তাব করেন। | ক. উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর কর্তৃক উপস্থাপিত প্রস্তাবটি সভায় অনুমোদিত হয় এবং প্রস্তাবিত প্রকল্প কমিটি অনুমোদনপূর্বক এর মাধ্যমে দ্রুত বর্ণিত প্রকল্প বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত ব্যয় উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের ৩(ক) অনুচ্ছেদ " উপজেলা পরিষদ ভবন, ও বাসাবাড়ি মেরামত/সংরক্ষণ/রংকরণ খাত হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, বিরামপুরকে অনুরোধ করেন। | ১. উপজেলা প্রকৌশলী বিরামপুর, দিনাজপুর। |

৪৬. উপজেলা পরিষদের নিম্নোক্ত ব্যয়গুলো অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়।

**নভেম্বর/২০২৪ মাসের ব্যয়**

| ক্রমিক | ব্যয়ের বিবরণ | টাকার পরিমান |
|---|---|---|
| ০১ | উপজেলা পরিষদের ১ জন মালি ও ১ জন পরিচ্ছন্নতাকর্মীর নভেম্বর/২০২৪ মাসের ২৯দিনের দৈনিক মজুরী ৫৫০/-টাকা হারে মজুরী প্রদান=(১৫,৯৫০+১৫,৯৫০=৩১,৯০০/-) | =৩১,৯০০/- |
| ০২ | মোঃ শাহাজাহান ও আবু সাইদ রাত্রীকালিন দায়িত্ব পালনরত আনসারকে উপজেলা পরিষদ সাধারণ সভার সিদ্ধান্তক্রমে নভেম্বর/২০২৪ মাসের মজুরী প্রদান (৫,৫০০+৫,৫০০=১১,০০০/-) | =১১,০০০/- |

সভায় বিস্তারিত আলোচনান্তে উপস্থাপিত ব্যয়গুলো অনুমোদন দেয়া হয়।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর, দিনাজপুর উপস্থিত সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

28/12/24

নুজহাত তাসনীম আওন
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক, উপজেলা পরিষদ
বিরামপুর, দিনাজপুর।
মোবাইল নম্বরঃ ০১৭৬১-৪৯৩৫৩৩ (অফিস)
e-mail : unobirampur@mopa.gov.bd



ASMA - Bibith

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বিরামপুর, দিনাজপুর।
birampur.dinajpur.gov.bd

স্মারক নং-০৫.৫৫.২৭১০.০০০.০৮.০৪৮.২৩.৪৭/১(৪৫)

তারিখঃ ১২.০১.২০২৪ খ্রি.

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো **(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-**

০১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
০৩. জেলা প্রশাসক, দিনাজপুর।
০৪ সহকারী কমিশনার (ভূমি), বিরামপুর, দিনাজপুর।
০৫. প্রশাসক, বিরামপুর পৌরসভা, বিরামপুর, দিনাজপুর।
০৬. প্রশাসক, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর।
০৭. উপজেলা..........................................................................অফিসার, বিরামপুর, দিনাজপুর।
০৮. চেয়ারম্যান, ........................................................., ইউনিয়ন পরিষদ (সকল), বিরামপুর, দিনাজপুর।
০৯. জনাব ............................................................. মহিলা সদস্য, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর।

২২/০১/২৪

নুজহাত তাসনীম আওন
উপজেলা নির্বাহী অফিসার
ও
সদস্য সচিব
উপজেলা পরিষদ
বিরামপুর, দিনাজপুর।
মোবাইল নম্বরঃ ০১৭৬১-৪৯৩৫৩৩ (অফিস)
e-mail : unobirampur@mopa.gov.bd